# দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণী
## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবহাটা, সাতক্ষীরা।

Phone no : 0473272236. Email :debhata@.uhfpo.dghs.gov.bd

সভাপতি ঃ- জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ ঃ- ১৪/০৩/২০২২ খ্রিঃ, রোজ সোমবার।
সময় ঃ- সকাল ১০:৩০ ঘটিকা।

**অংশ গ্রহনকারী ঃ- সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পৃথক নথিতে লিপিবদ্ধ।**

পবিত্র কুরআন থেকে তেলোয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে বিগত মাসে অনুষ্ঠিতব্য স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মিটিং রেজুলেশন পাঠ এবং উক্ত সিদ্ধান্ত সমূহ সর্বোসম্মতি ক্রমে গৃহীত হয়।

**আলোচ্য বিষয়সমূহ ঃ-**

১। পূর্ববতী সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।
২। কোভিড-১৯, ডায়রিয়া ও ডেঙ্গু নিয়ন্ত্রন বিষয়ে পদক্ষেপ গ্রহন।
৩। পল্লী/ গ্রাম্য চিকিৎসকদের প্রাথমিক চিকিৎসা প্রদান বিষয়ক প্রশিক্ষণ ।
৪। হাট-বাজার, হোটেল ও রেস্তোরায় নিরাপদ ও স্বাস্থ্য সম্মত খাবার তৈরী কাজে নিয়োজিত শ্রমিকদের প্রশিক্ষণ।
৫। স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা।
৬। বিবিধ।

**সভায় উপরোল্লিখিত বিষয় গুলোর উপর বিস্তারিত আলোচনা ও নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| কোভিড-১৯, ডায়রিয়া ও ডেঙ্গু নিয়ন্ত্রন বিষয়ে পদক্ষেপ গ্রহন | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কোভিড-১৯ নিয়ন্ত্রনে সরাসরি কোভিড রোগীর সংস্পর্শে থেকে রোগী সনাক্ত ও স্যাম্পল প্রেরন,তথ্য সংগ্রহ, সংরক্ষণে অক্লান্ত পরিশ্রমের জন্য সবাইকে ধন্যবাদ জানান। কোভিড-১৯ রোগীর চিকিৎসা সেবা প্রদান, রোগী ব্যবস্থাপনা ও জনসচেতনতা মূলক কার্যক্রমের জন্য কোভিড-১৯ নিয়ন্ত্রন করা সম্ভব হয়েছে। বর্তমান পর্যন্ত দেবহাটা উপজেলায় মোট ১০৩৮ জনের কোভিড- ১৯ স্যাম্পল কালেকশন করা হয়েছে। ৩১৮ জন পজেটিভ এবং তারা বর্তমান সম্পূর্ণ সুস্থ্য ও ০৭ জন মৃত্যু বরন করেছেন। বর্তমান ডায়রিয়া ও অনেক জেলাতে ডেঙ্গুর প্রভাব দেখা দিয়েছে। ডায়রিয়া হলে রোগীকে সাথে সাথে স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসতে হবে। বাড়ির আঙ্গিনা, আশপাশ, ডোবা-জলাশয়ে যাতে পরিস্কার পরিচ্ছন্ন থাকে সেবিষয়ে জনগনের মাঝে সচেতনা বৃদ্ধি করতে হবে। | নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা<br>ও<br>ইউপি সদস্য বৃন্দ |
| পল্লী/ গ্রাম্য চিকিৎসকদের প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ | পল্লী/ গ্রাম্য চিকিৎসকদের চিকিৎসা সেবার মান ও দক্ষতা উন্নয়ন বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন উপজেলার অনেক দূর-দূরন্তের মানুষ গ্রাম্য চিকিৎসকাদের উপর অনেকাংশ নির্ভরশীল। মহিলা, শিশু ও বৃদ্ধরা তাৎক্ষনিক ভাবে স্বাস্থ্য কমপ্লেক্সে আসতে পারে না। গ্রাম্য চিকিৎসকরাই রোগীদের প্রাথমিক চিকিৎসা প্রদান করে থাকেন। মহিলা, শিশু ও বৃদ্ধদের চিকিৎসা প্রদানে সেবার মান আরও উন্নত করনে পল্লী/ গ্রাম্য চিকিৎসকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের বিশেষ প্রয়োজন। | সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি<br>ও<br>UGDP |
| হোটেল ও রেস্তোরায় খাবার তৈরী শ্রমিকদের প্রশিক্ষণ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- উপজেলায় অবস্থানরত হোটেল ও রেস্তোরাগুলোতে প্রতিদিন অনেক মানুষ খাওয়া-দাওয়া করেন। এসকল হোটেল বা রেস্তোরাগুলোর পরিদর্শনকালে ভাল পরিবেশ পাওয়া যায়না। রান্নার কাজে নিয়োজিত শ্রমিকদের অদক্ষতার জন্য খাদ্যের মান ও পরিবেশ ভাল থাকে না। সুতরাং নিরাপদ ও স্বাস্থ্য সম্মত খাদ্য তৈরী ও পরিবেশনের ক্ষেত্রে হোটেল ও রেস্তোরায় কর্মীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষন একান্ত প্রয়োজন। | সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি |

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার-পরিচ্ছন্ন বজায় রাখা | স্বাস্থ্য কমপ্লেক্স পরিস্কার-পরিচ্ছন্ন বজায় রাখা বজায় রাখার বিষয়ে ইউএইচএফপিও সভাপতি মহোদয়ের বিশেষ দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কমপ্লেক্সের ক্যাম্পাসে বিভিন্ন জাতীয় ফুলের গাছ ও বাগানে রঙ্গিন লাইট স্থাপন করা হয়েছে যা হাসপাতালের পরিবেশ কে আরও মনোরম করছে। সভাপতি মহোদয় জনাব জি এম স্পর্শ, স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার-পরিচ্ছন্নতা, জীবানু মুক্ত রাখা ও সৌন্দয্য বর্ধনে রঙ্গিন লাইট স্থাপনে সন্তোষ প্রকাশ করেন এবং কর্মরত সকলকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, রোগ নিয়ন্ত্রনের জন্য পরিস্কার-পরিচ্ছন্নতা একান্ত প্রয়োজন। স্বাস্থ্য কমপ্লেক্স সহ সকল স্বাস্থ্য কেন্দ্র পরিস্কার-পরিচ্ছন্নতা, চিকিৎসার সুন্দর পরিবেশ তৈরী ভবিষ্যতে ও যেন অব্যহত থাকে সে বিষয়ে উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। অন্তঃবিভাগ, জরুরী বিভাগ ও বহিঃবিভাগ প্রতিদিন জিবানু নাশক দিয়ে পরিস্কার করা হচ্ছে। স্বাস্থ্য কপ্লেক্সে চলমান কার্যক্রম অব্যহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | আরএমও, এসআই, এইচ আই ও ফার্মাসিষ্ট |
| বিবিধ ও সমন্বিত আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ.পঃ কর্মকর্তা উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন, আপনারা সকলে অবহিত আছেন যে, কোভিড-১৯ বর্তমান নিয়ন্ত্রনে আছে তার অর্থ এই নয়য়ে কোভিড নির্মূল হয়েছে। সবাইকে সচেতন থাকতে হবে কোভিড-১৯ ৩য় ডোজ টিকা গ্রহনে সকলকে উৎসাহিত করতে হবে। ২য় ডোজ গ্রহনের ৪ মাস পর ৩য় ডোজের টিকা গ্রহন করা যাবে। গরমের সময় বেশি ঠান্ডা খাবার খাওয়া থেকে বিরত থাকতে হবে। সর্দি-কাশি, জ্বর অনুভূত হলেই হাসপাতালে আসতে হবে ও চিকিৎসকের পরামর্শ নিতে হবে। বেশি বেশি শাক-সবজি,ফল-মূল খেতে হবে। গর্ভবতী ও শিশুদের প্রতি বিশেষ খেয়াল রাখতে হবে। সর্বোপরি কোভিড নিয়ন্ত্রনে জনসাধারনের সহযোগিতা কামনা করেন । | সকল স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারী, দেবহাটা,সাতক্ষীরা। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৬/০৩/২২

জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
সভাপতি
স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি
দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নং-উস্বাক/দেব/সাত/শা:পরি-২/২০২২/ ২৬২(১০) তারিখঃ- ১৬/৩/২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ-

১। অতিরিক্ত সচিব(হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃঃআঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৪। পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ,খুলনা।
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা।
৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দেবহাটা, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবহাটা থানা, দেবহাটা, সাতক্ষীরা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),দেবহাটা,সাতক্ষীরা।

১৬/৩/২২

(ডাঃ মোঃ আব্দুল লতিফ)
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
দেবহাটা, সাতক্ষীরা।

১৬/০৩/২২